Comune di Pordenone

পৃথককৃত আবর্জনা সংগ্রহের ম্যানুয়াল

বর্জ্যের পৃথকীকরণের সঠিক দিক নির্দেশনা

শহর কেন্দ্রাঞ্চল

BENGALESE **ZONA CENTRO**

দরজায় দরজায় গিয়ে বর্জ্য সংগ্রহ শুরু হওয়া এবং সকল নাগরিকদের সহযোগিতার কল্যাণে পরদেননে **পৌরসভা ও জেলা সদর ইতালির মধ্যে বর্জ্য পৃথকীকরণের ক্ষেত্রে সর্বোচ্চ শতাংশের অধিকারী হয়েছে**, যার ফলে আস্তাকুড়েতে বর্জ্যের পরিমান এবং বর্জ্য ব্যবস্থাপনার খরচ উল্লেখযোগ্য হারে হ্রাস পেয়েছে।
সেবার খরচ আরও কমানো এবং সংগ্রহিত উপাদানসমূহের পূণঃপ্রক্রিয়াজাতকে আরও গুরুত্ব দেয়ার জন্য, পৌরসভা কর্তৃপক্ষ, জিইএ এসপিএর সহোযোগিতায়, **সংগ্রহের দিন ও পদ্ধতি পরিবর্তনের মাধ্যমে শহর কেন্দ্র এবং পুরান শহরের (চেন্ত্রো স্তোরিকোর) বর্তমান বর্জ্য সংগ্রহ ব্যবস্থা পরিবর্তনের সিদ্ধান্ত নিয়েছে।**

বিশেষ করে শহরের অবশিষ্টাংশের ন্যায় **সপ্তাহে একবার অবশিষ্ট শুষ্ক বর্জ্য সংগ্রহ করা হবে**, অন্যদিকে এখন থেকে কাগজ এবং **প্লাস্টিক/ লোহা আগের মত আর একত্রে নয় বরং আলাদা ভাবে জড়ো করতে হবে** এবং তা আগের মতই “দরজায় দরজায়” গিয়ে সংগ্রহ করা হবে।

এই পুস্তিকাটিতে নতুন সেবা যথাযথভাবে গ্রহণের যাবতীয় তথ্য পাওয়া যাবে:

দরজায় দরজায় সংগ্রহ:

- পুনঃপ্রক্রিয়া অযোগ্য অবশিষ্ট শুষ্ক বর্জ্য
- কাগজ/ শক্ত কাগজের বাক্স
- প্লাস্টিক/ লোহা

রাস্তায় সংগ্রহ:

- কাঁচ
- আর্দ্র বা খাদ্য বর্জ্য

দরজায় দরজায় সংগ্রহ ব্যবস্থা

“বাসায়” গিয়ে বর্জ্য সংগ্রহ পরিবেশের অধিক পরিচ্ছন্নতা নিশ্চিত করে এবং তা সকল নাগরিকদের জন্য সুবিধাজনক। বর্জ্যসমূহ পরিছছন্ন কর্মীদ্বারা সরাসরি অপসারণ করা হবে: তার জন্য শুধুমাত্র সঠিক **কন্টেইনার এবং/অথবা বস্তা** আপনার বাসার বাইরে, রাস্তায় দেখা যায় এমন জায়গায়, সরবরাহকৃত ক্যালেন্ডার অনুযায়ী নির্দিষ্ট সময়ে রাখলেই চলবে। কন্টেইনার সমূহ রাখতে হবে **শুধুমাত্র পুরোপুরি ভর্তি হলে।**

বহুতল ভবনসমূহের (কনদোমিনিও) জন্য **শুষ্ক অবশিষ্ট বর্জ্যের** অপসারণ শুধুমাত্র তাদের জন্য নির্দিষ্ট ডাস্টবিনের মাধ্যমে করা হবে। অন্যদিকে কারখানা এবং ব্যবসা প্রতিষ্ঠানসমূহের জন্য **শুষ্ক অবশিষ্ট বর্জ্য, কাগজ এবং/অথবা প্লাস্টিক/ লোহা** জাতীয় বর্জ্য আপসারনের জন্য **জিইএ** এসপিএ বরাবর বড় আকারের কন্টেইনারের জন্য সুনির্দিষ্ট আবেদন করা যাবে।
বর্জ্য অপসারণ করার পর খালি আধার বা কন্টেইনার সমূহের অপসারণ এবং নিজ দায়িত্বে তা সংরক্ষণ প্রত্যেক ব্যবহারকারীর দায়িত্ব।

অবশিষ্ট শুষ্ক বর্জ্যের সংগ্রহ(পূণঃপ্রক্রিয়া অযোগ্য)

এই ভাগে **অন্তর্ভুক্ত হবে:**

- অডিও/ভিডিও ক্যাসেট
- ভ্যাকুয়াম ক্লিনারের ময়লা জড়ো হওয়ার প্যাকেট
- সিডি, ডিভিডি, ফ্লপি ডিস্ক
- খেলনা এবং প্লাস্টিকের ছোট জিনিষসমূহ
- চীনা মাটির বাসনাদি ও এর ভগ্নাংশ
- বৈদ্যুতিক বাল্ব
- টুথপেস্টের খালি টিউব এবং টুথব্রাশ
- ওয়ান টাইম ইউজ রেজর
- স্যানিটারি ন্যাপকিন
- ঢাকনাসহ সিরিঞ্জ
- অয়েল পেপার বা ল্যামিনেটেড পেপার বা ওভেনে ব্যবহার করার কাগজ
- কেমিক্যাল পেপার (মানি রিসিপ্ট,স্কন্ত্রিনো)
- ব্যবহৃত কটন বার এবং প্লাস্টার (পট্টি)
- ন্যাকড়া এবং কাপড়
- স্পঞ্জ, ফোম
- সিগারেটের ফিল্টার

! অন্যান্য বর্জ্যসমূহ, যা পূণঃপ্রক্রিয়াযোগ্য সেগুলো পৃথককৃত সংগ্রহের অন্য কন্টেইনারগুলোতে জড়ো করতে হবে।





এইসব বর্জ্য সমূহ, পালথিনের ব্যাগে বন্ধ অবস্থায় ক্যালেন্ডারে উল্লেখিত নির্দিষ্ট দিনে **প্রত্যেক অঞ্চলে দরজায় দরজায় গিয়ে সংগ্রহ করা হবে।**

হলুদ কন্টেইনার বাড়ির বাইরে শুধুমাত্র যখন পুরোপুরি ভর্তি হবে তখন বাড়ির বাইরে রাস্তায় দেখা যায় এমন জায়গায়, যেদিন পরিচ্ছন্নকর্মীগণ তা অপসারণ করবে তার আগের দিন সন্ধ্যায় রাখতে হবে। পরবর্তীতে প্রত্যেক ব্যবহারকারীকে নিজস্ব কন্টেইনার অপসারণ করে ব্যক্তিগত জায়গায় রাখতে হবে।
বহুতল ভবন সমূহ যাদের **নিজস্ব ডাস্টবিন** রয়েছে তাদের বর্জ্য হলুদ কন্টেইনারের বর্জ্য অপসারণের সময়ে এক সাথেই করা হবে।
! যাদের হলুদ কন্টেইনার রয়েছে তারা প্রয়োজন হলে বাচ্চাদের ন্যাপকিন ও স্যানিটারী ন্যাপকিনের জন্য অতিরিক্ত একটি কন্টেইনারের জন্য আবেদন করতে পারবে।





কাগজ/ শক্ত কাগজের বাক্সের সংগ্রহ

এই ভাগে **অন্তর্ভুক্ত হবে:**

- কাগজ (কাগজের টুকরা, খাম, ঠোঙা ইত্যাদি)
- কাগজের ছোট বাক্সসমূহ
- ঢাকনাবিহীন টেট্রাপ্যাক কন্টেইনার
- খবরের কাগজ এবং পত্রিকা
- ফটোকপি করা কাগজ
- খাবার বা ডিটার্জেন্ট এর কাগজের বাক্স
- অবশিষ্টাংশ ছাড়া পিৎসার প্যাকেট

যা অন্তর্ভুক্ত হবে না:

- ফোম, পলিস্টিরোলো
- অয়েল পেপার বা ল্যামিনেটেড পেপার বা ময়লা কাগজ
- ফেসিয়াল টিস্যু পেপার
- খাবার বা অন্যান্য জিনিষ প্যাকেট করার জন্য পলিথিনের স্বচ্ছ কাগজ, সেলোফান।
- স্যানিটারি টিস্যু
- পলিথিন সহযোগে তৈরী কাগজের প্যাকেট
- কেমিক্যাল পেপার (মানি রিসিপ্ট,স্কন্ত্রিনো)

!যদি সম্ভব হয় তবে কাজগের গায়ে লেগে থাকা খাবারের অবশিষ্টাংশ অপসারণ করতে হবে (টেট্রাপ্যাক কন্টেইনার সমূহ পানি দিয়ে ধুয়ে নিতে হবে!)। কোন অবস্থাতেই ময়লা কাগজ ফেলা যাবেনা, যা কিনা পূণঃপ্রক্রিয়াজাতের ব্যবস্থাকে ব্যাহত করতে পারে।

! **দোকান এবং ব্যবসায়িক প্রতিষ্ঠানসমূহের** জন্য দরজায় দরজায় গিয়ে **শক্ত কাগজের বাক্সের সংগ্রহ** সেবা চালু আছে।
এগুলো বাইরে রাখার সময় এবং দিন, সেবা প্রদানকারী কর্তৃক সরবরাহ করা হয়েছে। সেবা গ্রহণ করতে হলে **জেইএ**-র সাথে যোগাযোগ করুন।

প্লাস্টিক এবং লোহার প্যাকেট বা বাক্সের সংগ্রহ

এই ভাগে **অন্তর্ভুক্ত হবে:**

- তরল পদার্থের জন্য প্লাস্টিকের কন্টেইনার বা বোতল
- বিভিন্ন জিনিষ প্যাকেট করার জন্য পলিথিনের স্বচ্ছ কাগজ, সেলোফান।
- দইয়ের ছোট বক্সসমূহ
- খাবার জিনিসের জন্য ব্যবহৃত প্লাস্টিকের বাক্স
- বাসাবাড়িতে ব্যবহৃত গ্যালন
- খাবার জিনিসের ফোম বা পলিস্তিরোলো দ্বারা তৈরি বাক্স
- প্লাস্টিকের শেইপ করা কন্টেইনার (যেমন: ডিম, ব্রাশ ইত্যাদির জন্য ব্যবহৃত)
- প্লাস্টিকের শপিং ব্যাগ এবং জামা কাপড়ের প্যাকেট
- অ্যালুমিনিয়ামের ক্যান
- তেল বা অন্যান্য খাবার রাখার জন্য কৌটা বা পট
- “F” এবং/অথবা “T” সম্বলিত স্প্রের খালি সিলিন্ডার
- খাবারের প্যাকেট বা বাক্স
- খাবারের জিনিষের জন্য ব্যবহৃত প্লাস্টিক/অ্যালুমিনিয়াম/লোহা/পলিস্তিরোলোর তৈরি বাক্স বা কৌটা
- অ্যালুমিনিয়ামের ফয়েল পেপার
- ওয়ান টাইম ইউজের জন্য প্লাস্টিকের প্লেট ও গ্লাস
- লোহা বা প্লাস্টিকের সরু লম্বা ফিতা, যা দিয়ে কোন কিছু বাঁধা হয়
- জামা কাপড় কেনার সময়ে পাওয়া হ্যাঙ্গার

যা অন্তর্ভুক্ত হবে না:

- ওয়ান টাইম ইউজ সিরিঞ্জ
- অয়েল পেপার বা ল্যামিনেটেড পেপার বা ময়লা কাগজ
- খেলনা ও প্লাস্টিকের ছোট জিনিষ
- সিডি/ডিভিডি/ক্যাসেটের বাক্স
- প্লাস্টিকের ছিপি
- ইলেক্ট্রিক এবং নির্মাণ সরঞ্জাম
- কাপড় শুকানোর রেক

এই সকল বর্জ্য **জিইএ কর্তৃক সরবরাহকৃত হলুদ স্বচ্ছ পলিথিনের ব্যাগে জড়ো করতে হবে।** যখন পুরোপুরি ভর্তি হবে, তা বন্ধ করে নির্ধারিত দিনে বাসার বাইরে, **রাস্তার মধ্যে সহজে চোখে পড়ে এমন জায়গায় রাখতে হবে।**

!প্রথম দফার পর হলুদ পলিথিনের ব্যাগ জিইএর অফিসে গিয়ে নিয়ে আসতে হবে

কাঁচের সংগ্রহ

এই ভাগে **অন্তর্ভুক্ত হবে:**

- কাঁচের বোতল
- কাঁচের পাত্র/পট/কৌটা
- কাঁচের অন্যান্য কন্টেইনার

যা অন্তর্ভূক্ত হবে না:

- পানি পানের গ্লাস
- সিরামিক
- কাঁচের পাত বা খন্ড
- নিয়ন বাল্ব/ টিউব লাইট
- চীনা মাটির জিনিস
- আয়না
- সিরামিক ও কাঁচের সংমিশ্রনে তৈরী জিনিস (যেমন পাইরেক্স)
- বৈদ্যুতিক বাল্ব

!কাঁচের বোতল বা পাত্র খালি অবস্থায় ধুয়ে এবং ধাতুর তৈরি ছিপি বা ঢাকনা ছাড়া ফেলতে হবে।

এই সব বর্জ্য পৌরসভার আওতাভুক্ত এলাকার রাস্তার পাশে অবস্থিত **চাঁকাওয়ালা নীল রংয়ের ডাস্টবিনে খোলাবস্থায়** (ব্যাগে ভরে নয়) ফেলতে হবে।

!কোন অবস্থাতেই সিরামিক এবং চীনা মাটির জিনিসপত্র ফেলা যাবে না।



আর্দ্র বা খাদ্য বর্জ্যের সংগ্রহ (উমিদো)

এই ভাগে **অন্তর্ভুক্ত হবে:**

- খাবারের উচ্ছিষ্টাংশ
- মাছ বা মাংসের অবশিষ্টাংশ, নাড়ী-ভূড়ি, গিলা-কলিজা, চামড়া
- বাসি রুটি
- হাঁড় ও মাছের কাঁটা
- খোসা (শুকনা ফল কিংবা ডিমের)
- স্যানিটারি বা ফেসিয়াল টিস্যু
- চা বা কফি বানানোর পর এর অবশিষ্টাংশ
- গাছের জন্য গুড়ো মাটি
- বারান্দা বা ঘরের ভিতরের ছোট গাছের ডাল-পালা, ফুলের তোড়া
- ছাই (নেভানো কাঠের)
- গৃহপালিত পশুর শোয়ার জন্য ব্যবহৃত সিন্থেটিক নয় এমন জিনিষ

যা অন্তর্ভুক্ত হবে না: প্রাকৃতিকভাবে পচনশীল নয় এবং কন্টেইনারের মধ্যে ধরে না এমন পরিমান গাছ গাছালির ডাল পালা।

এ সব বর্জ্য **প্রাকৃতিকভাবে পচনশীল সার্টিফায়েড বস্তু** (কাগজ, জৈব পদার্থ বা এজাতীয় বস্তু) দ্বারা তৈরী ব্যাগের মধ্যে করে রাস্তার ধারে রাখা নির্দিষ্ট চাকাওয়ালা লাল রংয়ের ডাস্টবিনে ফেলতে হবে, এসব ডাস্টবিন পৌর এলাকায় পাওয়া যাবে।

গাছ-গাছালির ডাল-পালা এবং সবুজের সংগ্রহ

এই ভাগে **অন্তর্ভুক্ত হবে:**

- বাগানের ছোট গাছ বা চারা
- ডালপালা, শাখা-প্রশাখা
- গাছের পাতা
- ঘাঁস
- গাছের বড় ডাল-পালা (কন্টেইনারের আকারের সাথে মানানসই)
- প্রাকৃতিক কাঠের তৈরী বাক্স

যা অন্তর্ভুক্ত হবে না:

- ক্যান্টিন ও রান্নাঘরের জৈব বর্জ্য (উমিদো)
- অন্য সব বর্জ্য যা “গাছ-গাছালির ডাল-পালা এবং সবুজ” ক্যাটাগরিতে পরে না

এই সব বর্জ্য অপসারণের **সেবার জন্য হট লাইনে টেলিফোনের মাধ্যমে বুকিং দেয়া যাবে (অপসারণের দিন: সোমবার)**

ব্যক্তিগত বাগান পরিচর্যার থেকে যে বর্জ্য তৈরী হয়, তা সীমিতভাবে ২ ঘন মিটার পর্যন্ত, আবাসিক গ্রাহকগণ ভিয়া স্পেৎসাদুরেস্থ সংগ্রহকেন্দ্রে জিইএর হট লাইনে টেলিফোন করে বুকিং সাপেক্ষ বিনামূল্যে জড়ো করতে পারবেন।

অনাবাসিক গ্রাহকগণকে সেবার জন্য নিম্নোক্ত জিইএর হট লাইনে যোগাযোগ করতে অনুরোধ করা হলো।

জিইএর হট লাইন নম্বর

৮০০ ৫০ ১০ ৭৭

GEA
800 50 10 77

ভোজ্য তেল

ভিয়া নুউভা দি করভাস্র ইকোসেন্টারে অথবা নিম্নোক্ত যেকোনো একটি সংগ্রহ কেন্দ্রে গিয়ে ফেলে আসতে হবে:

- ভিয়া বাস্সানো (ইকোদ্বীপের পাশে)
- ভিয়া বেয়াতা দমিচিল্লা (গীর্জার নিকট)
- ভিয়া কাপ্পুচ্চিনি (গোরস্থান কার পার্ক)
- ভিয়া কার্পাচ্চো (সুপার মার্কেট)
- ভিয়া দামিয়ানো কিয়েজা (হোল্ডিং নাম্বার ৩৩ এর নিকটে)
- ভিয়া দেল্লা ফেররিয়েরা (পত্রিকার দোকানের পাশে)
- ভিয়া গালিলেই (কার পার্ক)
- ভিয়ালে গ্রিগোলেত্তি (পাম মার্কেটের পিছনের কার পার্ক)
- ভিয়া জুলিয়া (ভূগর্ভস্থ)
- ভিয়া লাতিজানা (লারগো চেরভিইনিঁয়ানোর কোণায়)
- ভিয়া মাজ্জরে (স্কুলের নিকটে)
- ভিয়া মানসোনি (সুপার মার্কেটের রাস্তায়)
- ভিয়া মলিনারি (এক্স ফিয়েরা)
- ভিয়া মুররি
- ভিয়া পোফফাব্রো (সুপার মার্কেট)
- লারগো সান জর্জো (সুপার মার্কেটের সিঁড়ির কাছে)
- ভিয়ালে ত্রেন্তো (পিয়াৎসা রিসোর্জিমেন্তোর দিকে)
- ভিয়া ভাল্লেননচেল্লো (গীর্জার নিকটে)
- ভিয়া ভল্ট দে কুয়েরিনি (সুপার মার্কেটের কার পার্ক)

ভোজ্য তেলসহ বোতল/প্যাকেট মাটিতে ফেলা বা ত্যাগ করা যাবে না।

তেল ঢালা শেষ হলে, বোতল বা কন্টেইনার সমূহ প্লাস্টিক/লোহার বর্জ্য সংগ্রহের জন্য নির্দিষ্ট ডাস্টবিনে অথবা হলুদ পলিথিনের ব্যাগে ফেলতে হবে।

মেয়াদোত্তীর্ণ ঔষধ

ফার্মেসিতে রাখা নির্দিষ্ট কন্টেইনারে ফেলতে হবে।



চার্জহীন ব্যাটারী

চার্জহীন খালি ব্যাটারীসমূহ ইলেক্ট্রনিক দোকান, সুপার মার্কেট এবং যে সকল দোকানে নতুন ব্যাটারি বিক্রি হয়, সেখান রাখা **"টিউবাকৃতির"** কন্টেইনারে ফেলতে হবে।

ফ্যাক্স মেশিন এবং প্রিন্টারের টোনার ও কার্টিজ

টোনার ও কার্টিজ বিক্রী করে এমন অথবা ডিজিটাল ছাপাখানায় রাখা নির্দিষ্ট **ইকোবক্সে** ফেলতে হবে।

ইকো সেন্টার

ভিয়া নুএভা দি করভায় অবস্থিত (ভিয়া নুওভা দি করভা অথবা ভিয়ালে ত্রেভিজো থেকে আসতে রাস্তার দিকনির্দেশনা অনুসরণ করতে হবে)। নিম্নোক্ত সময়সূচী (ছুটির দিন ব্যতিরেকে) অনুযায়ী খোলা:
সোমবার থেকে শনিবার ৮:০০ – ১২:০০
মঙ্গলবার এবং বৃহস্পতিবার ১৪:০০ – ১৭:০০
শনিবার ১৩:০০ – ১৮:০০
যে সমস্ত বর্জ্য রাস্তার পাশে রাখা ডাস্টবিনে ফেলা যায় না বিশেষ করে যেগুলো আকৃতিতে বেশ বড়, সে সব বর্জ্য এখানে নিয়ে আসতে হবে। বিশেষায়িত কর্মীগণ বর্জ্যের সঠিক পৃথকরণ তদারক করবে এবং প্রয়োজনীয় তথ্য সরবরাহ করবে।
ইকোসেন্টারে যে সকল বর্জ্য ফেলা যাবে:

- কাগজ এবং শক্ত ও মোটা কাগজ
- কাগজ ও শক্ত বা মোটা কাগজের তৈরী বাক্স বা প্যাকেট
- কাঁচের বাক্স বা কন্টেইনার
- কাঁচের ডেমিজন (দামিজানা), কাঁচের পাত বা খন্ড ইত্যাদি
- প্লাস্টিকের বাক্স বা প্যাকেট (পলিথিনের কাগজ, ব্যাগ, বাক্স)
- লোহা (ধাতুর কন্টেইনার, হাড়ি-পাতিল, লোহা জাতীয় বা অন্য ধাতু, ধাতুর জাল ইত্যাদি)
- ধাতুর তৈরী বাক্স বা প্যাকেট
- ক্ষতিকর উপাদান সম্বলিত নয় এমন কাঠ
- কাঠের বাক্স বা প্যাকেট (রং করা হলেও)
- বড় আকৃতির বর্জ্য
- ক্লোরো ফ্লোরো কার্বন সমৃদ্ধ বাতিল যন্ত্র (ফ্রিজার, রেফ্রিজেরেটর ইত্যাদি)
- ইলেক্ট্রিক এবং ইলেক্ট্রনিকসের বাতিল যন্ত্র (টিভি, মনিটর, প্রিন্টার ইত্যাদি)
- গৃহস্থালীর ছোট যন্ত্র (সেলফোন, রেডিও, ট্যাবলেট, চার্জার ইত্যাদি)
- তেল ও ভোজ্য চর্বি
- মটর বা যন্ত্রাংশে ব্যবহৃত অন্যান্য তেল বা লুব্রিক্যান্ট
- ফ্লোরেসেন্ট বাল্ব এবং অন্যান্য বর্জ্য যা পারদ সম্বলিত (নিয়নের টিউব লাইট, পিকচার টিউব – সিআরটি, কম খরচের বৈদ্যুতিক বাল্ব ইত্যাদি)
- তেলের ফিল্টার
- সীসা ও এসিড সম্বলিত ব্যাটারি
- টায়ার
- গৃহস্থালী কাজে ব্যবহারের কীটনাশক
- সাইটক্সিক এবং সাইটোস্ট্যাটিক ঔষধসমূহ
- সীসা ও এসিড বা নিকেল-ক্যাডমিয়াম এবং পারদ সম্বলিত ব্যাটারি বা একুমুলেটর
- বিপদজনক উপাদান সম্বলিত রং, কালি, আঠা , স্টিকি পদার্থ
- অন্যান্য মিশ্রিত বস্তুর তৈরী বাক্স বা প্যাকেট (প্রিন্টারের টোনার বা কার্টিজ ইত্যাদি)
- মিশ্রিত নির্মাণ ও ভাঙন বর্জ্য (সিরামিক, টাইলস, সিমেন্ট, ইত্যাদি) বিপদজনকগুলো ছাড়া
- কর্কের ছিপি

ইকোসেন্টারে শুধুমাত্র পরদেননে পৌর এলাকার রেসিডেন্টগণ বিনামূল্যে বর্জ্য ফেলতে পারবে। বর্জ্য প্রদানকারী সনাক্ত করার জন্য পরিচয়পত্র প্রদর্শন করতে হবে এবং ব্যবস্থাপকের নির্দেশনা মেনে চলতে হবে।

নিজ বাড়ি থেকে বড় আকৃতির বর্জ্য অপসারণ সেবা
অন্যথায় মূল্য প্রদান সাপেক্ষে , **জিইএর** হট লাইনে ফোন করে বুকিং দিয়ে, **নিজ বাড়ি থেকে বড় আকৃতির বর্জ্য অপসারণ** সেবা চাওয়া সম্ভব। **গাছের ডাল-পালার অপসারণ এই সেবার আওতার বাইরে।**
৬৫ বয়সোর্দ্ধ বৃদ্ধ, পক্ষাঘাতগ্রস্থ এবং ভিন্নভাবে সক্ষম ব্যক্তিদের এই সেবা বিনামূল্যে প্রদান করা হবে, তবে এক ডাকে তা তিন ব্যাগে সীমাবদ্ধ থাকবে (একটি পরিবার থেকে বছরে মাত্র একবার আবেদন করা যাবে)।

অন্যান্য তথ্যের জন্য:

জিইএর হট লাইন ৮০০ ৫০ ১০ ৭৭

ভূগর্ভস্থ সংগ্রহ কেন্দ্র

পৌর এলাকায়, সাধারন **কাগজ, প্লাস্টিক/ লোহা এবং কাঁচের** বর্জ্য সংগ্রহ সেবার পাশাপাশি, নাগরিক এবং ব্যবসা প্রতিষ্ঠান সমূহের সেবায় রয়েছে ভূগর্ভস্থ সংগ্রহ কেন্দ্র, যেগুলো **বরগো সান আন্তোনিও, ভিয়া লুইজি দে পাওলি, ভিয়া দেল মাইর্লিঁও, ভিয়া জুলিয়া এবং ভিয়া গরিৎসিয়াতে** অবস্থিত। বর্জ্যসমূহ ডাস্টবিনের মুখের ভিতরে ফেলতে হবে এবং কোনভাবেই মাটিতে ফেলা যাবে না।

Comune di Pordenone

কমিয়েকোর সাহায্য এবং সহযোগিতায়

800 50 10 77

হটলাইন ৮০০ ৫০ ১০ ৭৭

www.gea-pn.it

(বর্জ্য ফেলার বিস্তারিত তথ্যের জন্য বিশেষভাবে দেখুন “কোথায় ফেলবো” এবং “রিচিক্লাবোলারিও”)



LADURNER ENERGY - DIVISIONE IDECOM